




## নারীদের জন্য নির্মাণ পেশাতে সুযোগ

সোয়ান (Swan) স্থানীয় নারীদের বিভিন্ন-এর বিভিন্ন কাজ শিখতে, বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে এবং নির্মাণ শিল্পে চাকরি পেতে সাহায্য করার জন্য একটি আট সপ্তাহের কোর্স অফার করার জন্য নিউ সিটি কলেজের সাথে অংশীদারিত্ব করেছে।

যেসব অংশগ্রহণকারীরা সফলভাবে কোর্সটি সম্পন্ন করবেন, তারা সিটি অ্যান্ড গিল্ডস (City & Guilds) (এন্ট্রি লেভেল 3) যোগ্যতা অর্জন করবেন এবং একটি CSCS কার্ড পাবেন।

আরো জানতে, সোয়ান (Swan)-এর কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যবস্থাপক (Employment and Training Manager) আবদুল্লাহ হোসেন-এর সাথে [ahossain@swan.org.uk](mailto:ahossain@swan.org.uk)-এ বা 01277 844242-এ যোগাযোগ করুন।



## গ্রীষ্মকালীন কার্যকলাপের একটি সক্রিয় কাজে পরিপূর্ণ কর্মসূচি

শিশুদের এবং পরিবারের জন্য, কাউন্সিল এবং অংশীদার সংস্থাগুলির গ্রীষ্মকালীন কার্যকলাপগুলির একটি সক্রিয় কাজে পরিপূর্ণ কর্মসূচি আছে। এর মধ্যে রয়েছে খেলাধুলা, পার্কের কার্যকলাপ, খামার পরিদর্শন, রান্না এবং বেকিং, বাগান করার সেশন, প্রকৃতি সংক্রান্ত কার্যকলাপ, থিয়েটার এবং নাটক, দক্ষতা প্রশিক্ষণ এবং আরও অনেক কিছু। বেশিরভাগ কার্যকলাপ বিনামূল্যে প্রদান করা হয় এবং কয়েকটিতে একটি বিনামূল্যে, স্বাস্থ্যকর খাবার অন্তর্ভুক্ত রয়েছে। [https://www.towerhamlets.gov.uk/News\\_events/Events/Summer\\_events.aspx](https://www.towerhamlets.gov.uk/News_events/Events/Summer_events.aspx)-এ আরও জানুন



## আনন্দের রূপরেখা (Taxonomy of Joy) ডিজাইন আপডেট

আমরা গত এক বছরে ব্ল্যাকওয়াল কমিউনিটির সাথে আমাদের কর্মশালাগুলি অনুসরণ করে মিলেনিয়াম গ্রিন (Millennium Green)-এর জন্য আর্টওয়ার্কের নতুন অঙ্কন এবং ডিজাইনগুলি শেয়ার করে নেওয়ার ব্যাপারে উদ্বীপ্ত।

চূড়ান্ত ডিজাইনগুলি দেখতে অনুগ্রহ করে [millenniumgreen.blackwallreachcommunity.co.uk](http://millenniumgreen.blackwallreachcommunity.co.uk)-এ আসুন।



## কমিউনিটি হাব ফুড স্টোর

টাওয়ার হামলেটস কাউন্সিল (Tower Hamlets Council)-এর সাথে অংশীদারিত্বে সোয়ান হাউজিং অ্যাসোসিয়েশন (Swan Housing Association), দ্য রিচ কমিউনিটি হাব (The Reach Community Hub)-এর রুম 5-কে একটি ফুড স্টোরে রূপান্তরিত করবে। এটি এমন একটি জায়গা যেখান থেকে আপনি প্রতি সপ্তাহে কম খরচে প্রচুর পরিমাণে খাবার নিতে যেতে পারেন।

এছাড়াও আপনার আর্থিক বিষয় এবং সুস্থতার জন্য সহায়তা অ্যাক্সেস করতে সহায়তা পাওয়া যাবে। ফুড স্টোরে মানসম্পন্ন পুনঃবিতরিত খাবার মজুদ করা হবে, যা আপনার সাপ্তাহিক দোকানে পুষ্টিকর প্রয়োজনীয় জিনিসগুলিকে যোগ করতে সাহায্য করবে, যার মধ্যে তাজা ফল ও শাকসবজি, ঠাণ্ডা এবং হিমায়িত খাবার এবং স্টোরের নিয়মিত খাবার অন্তর্ভুক্ত রয়েছে। স্টকের উপর নির্ভর করে, প্রসাধন সামগ্রী এবং পরিষ্কার করার পণ্যগুলির মতো গৃহস্থালী সামগ্রীও পাওয়া যাবে। প্রকল্পটি 9 আগস্ট মঙ্গলবার সকাল 10 টা থেকে দুপুর 12 টার মধ্যে উদ্বোধন করা হবে বলে আশা করা হচ্ছে।

নাম নথিভুক্ত করতে বা আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার নাম, ঠিকানা, পোস্টকোড এবং যোগাযোগের বিশদ বিবরণ সহ [TheFoodStore@towerhamlets.gov.uk](mailto:TheFoodStore@towerhamlets.gov.uk)-এ ইমেল করুন।



# ব্ল্যাকওয়াল রিচ ট্রাস্ট (Blackwall Reach Trust) আমাদের ট্রাস্টিদের সাথে দেখা করুন

ব্ল্যাকওয়াল রিচ ট্রাস্ট (Blackwall Reach Trust) 2020 সালে একটি নিবন্ধিত দাতব্য সংস্থা হয়ে ওঠে, যার লক্ষ্য হল রবিন হুড মিলেনিয়াম গ্রিন (Robin Hood Millennium Green)-কে ব্ল্যাকওয়াল রিচ (Blackwall Reach) কমিউনিটির জন্য একটি উন্মুক্ত স্থান হিসাবে প্রদান করা, যা বিনোদন, কমিউনিটির অনুষ্ঠান, সামাজিক কল্যাণ প্রকল্প এবং স্থানীয় পরিবেশ সংরক্ষণের জন্য ব্যবহার করা হবে।

ট্রাস্টি ব্ল্যাকওয়াল রিচ (Blackwall Reach) কমিউনিটিকে ব্যাপকভাবে উপকৃত করার উদ্দেশ্যে দাতব্য সংস্থা এবং ব্যক্তি উভয়কেই অনুদান প্রদান করে।

ব্ল্যাকওয়াল রিচ (Blackwall Reach) উন্নয়ন এলাকাতে অর্থায়নের বিষয়টি বিশেষ ভাবে ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য ডিজাইন করা হয়েছে।

120 জনেরও বেশি ব্যক্তি মে মাসে নতুন ব্ল্যাকওয়াল রিচ ট্রাস্ট (Blackwall Reach Trust)-এর উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন এবং তারপর থেকে সোয়ান হাউজিং অ্যাসোসিয়েশন (Swan Housing Association), টাওয়ার হামলেটস কাউন্সিল (Tower Hamlets Council) এবং ব্ল্যাকওয়াল রিচ (Blackwall Reach)-এর বাসিন্দাদের সমন্বয়ে গঠিত সমষ্টি, কমিউনিটিকে বিভিন্ন অর্থায়ন পাওয়ার আবেদন করার জন্য আমন্ত্রণ জানিয়েছে।

ট্রাস্টি বোর্ড নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে গঠিত:



**ইয়ান হাওয়ার্থ - ট্রাস্টিদের চেয়ারপার্সন**  
ইয়ান প্রায় 30 বছর ধরে সামাজিক আবাসনে কাজ করেছেন এবং চার্টার্ড ইনস্টিটিউট অফ হাউজিং (Chartered Institute of Housing)-এর একজন সদস্য। সামনের সারির পরিষেবাগুলিতে কাজ করার পাশাপাশি, তিনি বাসিন্দাদের এবং তাদের পরিবারগুলিকে কাজে ফিরে যেতে সহায়তা করার জন্য অন্যান্য প্রদানকারীদের সাথে অনেকগুলি কর্মসূচি পরিচালনা করেছেন।



**কারোলিন রিচার্ডসন - ট্রাস্টি**  
কারোলিন সোয়ান হাউজিং অ্যাসোসিয়েশন (Swan Housing Association)-এর গ্রাহক সম্পৃক্ততা এবং কমিউনিটি উন্নয়নের (Customer Involvement and Community Development) প্রধান। তিনি গত 17 বছর ধরে সামাজিক আবাসন খাতে বিভিন্ন ভূমিকায় কাজ করেছেন, কিন্তু অংশগ্রহণ এবং সক্ষমতা বৃদ্ধি এখনও তার আবেগের ক্ষেত্র হিসাবে রয়ে গেছে।



**কারেন সুইফ্ট - ট্রাস্টি**  
কারেন 25 বছরেরও বেশি সময় ধরে স্থানীয় প্রশাসনের হোম অফিস (Home Office) এবং মেট্রোপলিটন পুলিশ (Metropolitan Police)-এ কাজ করেছেন। তিনি বর্তমানে টাওয়ার হামলেটস কাউন্সিল (Tower Hamlets Council)-এর আবাসন ও পুনঃসৃজন (Housing and Regeneration)-এর বিভাগীয় পরিচালক (Divisional Director)।



**ড্যান জোন্স - ট্রাস্টি**  
ড্যান 2019 সালে লন্ডন বরো অফ টাওয়ার হামলেটস (London Borough of Tower Hamlets)-এর প্রতিনিধি হিসাবে ট্রাস্টি বোর্ডে যোগদান করেছিলেন।



**নাসিমা বিবি - বাসিন্দা ট্রাস্টিনাসিমা** গত 24 বছর ধরে পপলারের বাসিন্দা এবং সম্প্রদায়ের একজন সক্রিয় সদস্য। তিনি তিন সন্তানের মা এবং একজন পেশাদার কর্মী। নাসিমা গত 17 বছর ধরে উলমোর প্রাইমারি স্কুল (Woolmore Primary School)-এ কাজ করেছেন এবং একজন কমিউনিটি কর্মীও।



**সুরাইয়া আখতার খানহাম - বাসিন্দা ট্রাস্টি**  
সুরাইয়া ব্ল্যাকওয়াল রিচ (Blackwall Reach)-এর স্থানীয় বাসিন্দা এবং তিনি 2022 সালের এপ্রিল মাসে ট্রাস্টি বোর্ডে যোগদান করেন।



**ট্রেসি আর্ডেন্ট - ট্রাস্টি এবং উলমোর স্কুল (Woolmore School)-এর প্রতিনিধি**  
ট্রেসি উলমোর প্রাইমারি স্কুল (Woolmore Primary School)-এর প্রধান শিক্ষিকা এবং তিনি এপ্রিল 2022-এ ট্রাস্টি বোর্ডে যোগদান করেন।



**সিস্টার ক্রিস্টিন**

সিস্টার ক্রিস্টিন 10 বছরেরও বেশি সময় ধরে একটি মিশ্র ব্যাপক স্কুলে কাজ করেছেন এবং গত 50 বছর ধরে স্থানীয় সম্প্রদায়ে বসবাস ও কাজ করেছেন। তিনি 52 বছর আগে নেইবার্স ইন পপলার (Neighbours in Poplar) প্রতিষ্ঠা করেন এবং 30 বছর আগে SPLASH (সুরক্ষিত আবাসনের জন্য সাউথ পপলার ও লাইমহাউজ

অ্যাকশন (South Poplar & Limehouse Action for Secure Housing)) গঠন করেন। তার প্রধান লক্ষ্য একটি অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি গড়ে তোলা।

[www.blackwallreachtrust.org.uk](http://www.blackwallreachtrust.org.uk)-এ আরো জানুন

## ব্ল্যাকওয়াল রিচ ট্রাস্ট (Blackwall Reach Trust)-এর অর্থায়নের বিকল্পগুলি

ট্রাস্টের সূচনা হওয়ার পর থেকে, কমিউনিটিকে সরঞ্জামের খরচ নির্বাহ করতে বিভিন্ন প্রকল্পের অর্থায়নের জন্য আবেদন করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে, যাতে নিম্ন আয়ের পরিবারের শিশুরা কার্যকলাপ এবং খেলাধুলায় অংশ নিতে পারে।

আরো তথ্য, আবেদনপত্র এবং নির্দেশিকা নোটের জন্য,  
[Admin@blackwallreachtrust.org.uk](mailto:Admin@blackwallreachtrust.org.uk)  
বা 01285 841900-এ ট্রাস্ট পার্টনারশীপ লিমিটেড (The Trust Partnership Ltd)-এর সাথে যোগাযোগ করুন।



# 'ভার্চুয়ালি দেয়ার' ('Virtually There') নামের ছুরি সংক্রান্ত অপরাধ বিরোধী সিনেমাটি ব্ল্যাকওয়াল রিচ (Blackwall Reach)-এ সংকথোপকথন শুরু করেছে।



ওসমানী ট্রাস্ট (Osmani Trust)-এর সাথে অংশীদারিত্বে সোয়ান হাউজিং অ্যাসোসিয়েশন (Swan Housing Association) শিক্ষা কার্যকলাপের অংশ হিসাবে, দ্য রিচ কমিউনিটি হাবে (The Reach Community Hub)-এ 16 জন তরুণ-তরুণীকে একাধিক দৃষ্টিকোণ থেকে একটি মর্মান্তিক ছুরি হামলার উপর চিত্রিত একটি শক্তিশালী সিনেমা বিতরণ করা হয়েছিল।

15 থেকে 20 বছর বয়সীরা সম্প্রতি 'ভার্চুয়ালি দেয়ার' ('Virtually There') নামের, একটি বিশদ 24 মিনিটের ভার্চুয়াল রিয়েলিটি সিনেমাটি অনুভব করতে পেরেছে। ফিল্মটি ছিল লিওন ওল্ডস্ট্রংয়ের ধারণা এবং এটি তার ছোট ভাইয়ের কাছ থেকে অনুপ্রাণিত, যিনি 2017 সালে একটি বিনা প্ররোচনায় ছুরি হামলার শিকার হয়েছিলেন।

তরুণদের 'ভার্চুয়ালি দেয়ার' ('Virtually There') দেখানোর মাধ্যমে লিওনের লক্ষ্য হল, এমন কিছু তৈরি করা যা একটি আবেগগত বোঝাপড়া এবং তরুণদের উপর ছুরির অপরাধের ধ্বংসাত্মক প্রভাবকে প্রদর্শন করে।

'ভার্চুয়ালি দেয়ার' ('Virtually There') সিনেমাটি দেখার পর তরুণরা লিওনের সঙ্গে একটি উন্মুক্ত ফোরামে অংশ নেন। এটি তাদেরকে তাদের চিন্তাভাবনা এবং অভিজ্ঞতা সম্পর্কে এবং কীভাবে তারা একটি কমিউনিটি হিসাবে ছুরির অপরাধ মোকাবেলায় সহায়তা করতে পারে, সেই ব্যাপারে একটি সংকথোপকথনের সুযোগ দিয়েছে।

একজন তরুণ বলেছেন:

**“আমি সত্যিই অনুভব করেছি যে এই ছুরি দিয়ে অপরাধ সংক্রান্ত ছোট সিনেমাটি বিশালভাবে চোখ খুলে দিয়েছে। এটি শুধু আমার মানসিকতাই পরিবর্তন করেনি বরং আমাকে আমার পথ বদলাতে উদ্বীপ্ত করেছে।”**

## যোগাযোগ করুন



Swan Housing Association  
Blackwall Reach Office,  
9 Webber Path, Poplar,  
London, E14 0FZ  
0300 303 2500



একটি মেরামত বা ত্রুটির রিপোর্ট করুন  
সোয়ান (Swan) 0330 222 0322 বা  
shacustomer@swan.org.uk

(অফিসের কাজের সময়)

0800 783 2768

(সোয়ান (Swan)-এর অফিসের কাজের সময়ের বাইরে)

01376 535190

(অফিসের কাজের সময়ের বাইরে NU লিভিং (NU লিভিং))  
বা CCSNH@swan.org.uk

প্রকাশনার সময়ে সকল তথ্য সঠিক আছে।

[www.blackwallreachcommunity.co.uk](http://www.blackwallreachcommunity.co.uk)-এ আরও পড়ুন